

স্মারক নম্বর: ২৮.০৩.০০০০.০০৮.২৬.০০৫.০৭.৩০৭

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৮

১৫ ডিসেম্বর ২০২১

বিষয়: বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর অধীনস্থ কোম্পানিসমূহের কর্মকর্তাদের “পদোন্নতি নীতিমালা-২০১৭” এর সংশোধনী।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর অধীনস্থ কোম্পানিসমূহের কর্মকর্তাদের “পদোন্নতি নীতিমালা-২০১৭” গত ২২/০৩/২০১৮ তারিখ ২৮.০৩.০০০০.০০৮.২৬.০০৫.০৭/৪৯১ নং স্মারকমূলে জারী করা হয়। গত ০২/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত বিপিসি’র ৯৫২ তম বোর্ড সভার অনুমোদনক্রমে উক্ত নীতিমালার অনুচ্ছেদ-৮ এ নিম্নরূপভাবে সংশোধন করা হলোঃ

নীতিমালার বর্তমান অবস্থা	প্রস্তাবিত সংশোধনী
অনুচ্ছেদ-৮.১) : এম-৭, এম-৬, এম-৫ ও এম-৪ গ্রেডে কর্মকর্তাদের পদোন্নতি কমিটির সুপারিশ-এর পর কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক অনুমোদন প্রদান করবেন।	অনুচ্ছেদ-৮.১) : অফিসার (এম-৭) ও সিনিয়র অফিসার (এম-৬) পদে কর্মকর্তাদের পদোন্নতির বিষয়ে কমিটির সুপারিশ-এর পর কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক অনুমোদন প্রদান করবেন।
অনুচ্ছেদ-৮.২) : এম-১, এম-২ ও এম-৩ গ্রেডে কর্মকর্তাদের পদোন্নতির বিষয়ে কমিটির সুপারিশ ব্যবস্থাপনা পরিচালক পরিচালনা পর্ষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করবেন।	অনুচ্ছেদ-৮.২) : সহকারী ব্যবস্থাপক (এম-৫), উপ-ব্যবস্থাপক (এম-৪) এবং ব্যবস্থাপক (এম-৩) পদে কর্মকর্তাদের পদোন্নতির বিষয়ে কমিটির সুপারিশ ব্যবস্থাপনা পরিচালক কোম্পানির পরিচালনা পর্ষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করবেন।
	অনুচ্ছেদ-৮.৩) : উপ-মহাব্যবস্থাপক (এম-১) ও সহ-মহাব্যবস্থাপক (এম-২) পদে কর্মকর্তাদের পদোন্নতির বিষয়ে কমিটির সুপারিশ বিপিসি’র অনুমোদনক্রমে ব্যবস্থাপনা পরিচালক কোম্পানির পরিচালনা পর্ষদের সভায় চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করবেন।
অনুচ্ছেদ-৮.৩) : মহাব্যবস্থাপক (স্পেশাল এম-১) ও ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির প্রস্তাব কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক যাচাই-বাছাই ও সুপারিশের পর সুপিরিয়র সিলেকশন কমিটির বিবেচনার জন্য বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন বরাবর প্রেরণ করতে হবে।”	অনুচ্ছেদ-৮.৪) : অপরিবর্তিত।

২। সংশ্লিষ্ট সকল কোম্পানির অনুসরণের জন্য পদোন্নতি নীতিমালার উক্ত সংশোধনী পত্র ইস্যুর তারিখ

হতে কার্যকর হবে।



২১-১২-২০২১

মো: লাল হোসেন

সচিব

ফোন: ০৩১-৭১৬৪১৩

ইমেইল: secretary@bpc.gov.bd

বিতরণ :

- ১) ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানী
লিমিটেড
- ২) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর,
এলপি গ্যাস লিমিটেড
- ৩) ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড
- ৪) ব্যবস্থাপনা পরিচালক, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড
- ৫) ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন রিফাইনারী লিমিটেড
- ৬) ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স
লিমিটেড
- ৭) মহাব্যবস্থাপক, স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী
লিমিটেড
- ৮) চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর,
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
- ৯) অফিস কপি/মাস্টার ফাইল।